অন্টারিওর উন্নয়ন

Ontario

2015 অন্টারিও বাজেট

বাজেট 2015:

অন্টারিওর উন্নয়ন

ONTARIO.CA/BUDGET এ আরো তথ্য জানুন

শৈশব থেকে অবসরগ্রহণ পর্যন্ত বসবাসের জন্য প্রদেশটি শ্রেষ্ঠ স্থান নিশ্চিত করার জন্য অন্টারিওর চার অংশবিশিষ্ট একটি পরিকল্পনা আছে যেখানে প্রত্যেকে তাদের পূর্ণ সম্ভাবনাকে বাস্তবায়িত করার সুযোগ পান।

পরিকল্পনাটি মানুষের প্রতিভা ও দক্ষতায় বিনিয়োগ করে; রাস্তা ও পরিবহনের মত সার্বজনিক পরিকাঠামো নির্মাণ করে; একটি উদ্ভাবনী, গতিময় ব্যবসার পরিবেশ সৃষ্টি করে; এবং অন্টারিওর কর্মীরা যাতে অবসরকালীন আয়ের একটি সুরক্ষিত ভিত্তি পেতে পারেন তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য একটি নতুন অবসরকালীন পেনশন পরিকল্পনা গঠন করে।

2014–15 এর ঘাটতি এখন $10.9 বিলিয়ন হবে বলে অনুমান করা হয়েছে - 2014 বাজেট পূর্বাভাসের তুলনায় $1.6 বিলিয়ন উন্নতি। মানুষ যে সমস্ত কার্যক্রম ও অপরিহার্য সরকারী সেবাগুলির উপরে নির্ভর করেন সেগুলি প্রদানের আরো সপ্রতিভ ও উন্নততর উপায় সন্ধান করার জন্য বিচক্ষণ আর্থিক ব্যবস্থাপনা এবং পদক্ষেপগুলির সাথে, অন্টারিও 2017–18 এর মধ্যে ঘাটতি দূর করার প্রতি অঙ্গীকারবদ্ধ রয়েছে।

2015 অন্টারিও বাজেট অগ্রাধিকারযুক্ত বিনিয়োগের মাধ্যমে অন্টারিওকে নির্মাণ করছে, যা কর্মসংস্থান সৃষ্টি করে, সুযোগের প্রসারণ করে, এবং সমস্ত অন্টারিওবাসীর জন্য সমৃদ্ধি নিশ্চিত করে।

পরিকাঠামো: অন্টারিওর ইতিহাসে বৃহত্তম বিনিয়োগ

অন্টারিও 10 বছর ব্যাপী সরকারী পরিকাঠামোয় $130 বিলিয়নের বেশি অভূতপূর্ব বিনিয়োগ করছে। সম্পদের শ্রেষ্ঠ ব্যবহার সংক্রান্ত সরকারের পরিকল্পনা থেকে প্রত্যাশার চেয়ে বেশি অর্জিত আয়ের কারণে, প্রদেশ অন্টারিওকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য (Moving Ontario Forward) নিয়োজিত তহবিলটি $2.6 বিলিয়ন বৃদ্ধি করে 10 বছর ধরে মোট $31.5 বিলিয়ন করছে:

- বৃহত্তর টরন্টো ও হ্যামিল্টন অঞ্চলে [Greater Toronto and Hamilton Area (GTHA)]পরিবহন প্রকল্পগুলিতে প্রায় $16 বিলিয়ন; এবং
- GTHA-এর বাইরে পরিবহন ও অন্যান্য অগ্রাধিকারযুক্ত পরিকাঠামো প্রকল্পগুলির জন্য প্রায় $15 বিলিয়ন।

অন্টারিও রাস্তা, সেতু, সর্বজনীন পরিবহন, জলের ব্যবস্থা, হাসপাতাল ও স্কুলের মত পরিকাঠামোয় 2015–16 এ $11.9 বিলিয়ন বিনিয়োগের একটি পরিকল্পনা করছে, যা কর্মসংস্থান সৃষ্টি করবে এবং অর্থনীতিকে শক্তিশালী করবে।

সরকার অন্টারিওর অর্থনীতিকে শক্তিশালী করা ও কর্মসংস্থান সৃষ্টিতে উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে প্রাদেশিক সম্পদগুলির মূল্যকে সর্বোচ্চ করা এবং মোট প্রাপ্ত মূল্যকে ট্রিলিয়াম ট্রাস্টের (Trillium Trust) মাধ্যমে সরকারী ট্রানজিট, পরিবহন ও অন্যান্য অগ্রাধিকারযুক্ত পরিকাঠামো প্রকল্পগুলিতে পুনরায় বিনিয়োগ করা জন্য একটি পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছে। পরিকল্পনাটির অন্তর্ভুক্ত হল:

- দীর্ঘস্থায়ী সরকারী সুবিধা সৃষ্টি করা এবং জনগণের সুরক্ষার জন্য Hydro One এর মালিকানা প্রশস্ত করা।
- গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত অনেকগুলি রিয়েল এস্টেট বিক্রয়ের জন্য পর্যালোচনা করা।

কর্মসংস্থান সৃষ্টি করার জন্য ব্যবসায়িক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারি

পুরস্কারযোগ্য, উচ্চ বেতনযুক্ত কর্মসংস্থান সৃষ্টি করা এবং অন্টারিওর ব্যবসাগুলিকে সফল হতে ও বৃদ্ধি করতে সাহায্য করার জন্য প্রদেশটি:

- আরো ব্যবসায়িক বিনিয়োগ আকর্ষণ করার জন্য কর্মসংস্থান ও সমৃদ্ধি তহবিলে (Jobs and Prosperity Fund) অতিরিক্ত $200 মিলিয়ন বিনিয়োগ করছে, যা উদ্ভাবনে উদ্দীপনা যোগাবে এবং কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং 10 বছর ধরে মোট $2.7 বিলিয়নে নিয়ে যাওয়া হবে এবং যোগ্যতাকে অরণ্যভিত্তিক শিল্পক্ষেত্রে প্রসারিত করা হবে।
- একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ সৃষ্টিতে অংশগ্রহণ করছে, যা ব্যবসা জগতের বলিষ্ঠ নেতৃস্থানীয় ব্যক্তিদের আহ্বান জানাবে, যারা অন্টারিওর নতুন ব্যবসাগুলিকে আয়তন বৃদ্ধি করতে সাহায্য করার জন্য তাদের পুঁজি, জ্ঞান ও নেটওয়ার্ক নিয়ে আসবেন।
- উত্তরাঞ্চলের যোগ্যতাসম্পন্ন বিশাল শিল্প কারখানাগুলির জন্য বিদ্যুতের মূল্যে সহায়তাকে মার্চ 2016 এর পরেও অব্যাহত রাখছে, যা কর্মসংস্থান ও বিশ্বজনীন প্রতিযোগিতাকে বজায় রাখবে।
- আঞ্চলিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি করার জন্য কিউবেকের সঙ্গে কাজ করছে।

একটি অত্যন্ত দক্ষ কর্মী দল গড়ে তোলা

প্রদেশটি আজ মানুষের উপরে বিনিয়োগ করছে এবং অন্টারিওবাসীদের সঠিক দক্ষতা ও সঠিক কর্মসংস্থান পাওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তাগুলি প্রদান করছে, যাতে নিম্নলিখিত উপায়ে আগামীকালের শক্তিশালী অর্থনীতি গড়ে তোলা যায়:

- প্রিস্কুল ও পূর্ণ দিবসের কিন্ডারগার্টেন থেকে মাধ্যমিক-পরবর্তী শিক্ষা ও পেশাদারী শিক্ষানবিশী কার্যক্রম পর্যন্ত শিক্ষা ও দক্ষতার প্রশিক্ষণকে উন্নত করা অব্যাহত রাখা, পরীক্ষামূলক শিক্ষণের পাইলট প্রোগ্রামগুলির মত উদ্ভাবন সহ।

- পরবর্তী দু'বছর ধরে অন্টারিওর তরুণদের কর্মসংস্থানর কর্মকৌশলে (Ontario Youth Jobs Strategy) অতিরিক্ত $250 মিলিয়ন বিনিয়োগ করবে, তরুণদের কর্মনিয়োগের কর্মসূচিতে মোট বিনিয়োগকে $565 মিলিয়নের বেশিতে নিয়ে যাওয়া।

- শিক্ষার্থীদের জন্য আর্থিক সহায়তাকে শক্তিশালী করার জন্য অন্টারিও শিক্ষার্থী সহায়তা কার্যক্রমের (Ontario Student Assistance Program) আধুনিকীকরণ।

একটি ন্যায়পূর্ণ সমাজ: অন্টারিওতে বসবাসরত ও কর্মরত

যেহেতু একটি সমৃদ্ধ সমাজ অর্জনের সবচেয়ে নিশ্চিত উপায় হল সুনিশ্চিত করা যাতে অন্টারিওবাসীরা তাদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছনোর জন্য প্রয়োজনীয় সহায়তা ও সুযোগসুবিধা পেতে পারেন, তাই প্রদেশটি:

- অন্টারিও ওয়ার্কস (Ontario Works)-এর প্রাপ্তবয়স্ক প্রাপক এবং অন্টারিও প্রতিবন্ধকতা সহায়তা কার্যক্রমের (Ontario Disability Support Program) সুবিধা গ্রহণকারী প্রতিবন্ধী মানুষদের জন্য অন্টারিও সামাজিক সহায়তার হারকে আরো এক শতাংশ বৃদ্ধি করছে। সর্বনিম্ন আয়যুক্ত ব্যক্তিরা, অন্টারিও ওয়ার্কস (Ontario Works)-এর সন্তানহীন একক প্রাপ্তবয়স্ক ব্যক্তিরা একটি অতিরিক্ত টপ-আপ পাবেন।

- যুব কর্ম পরিকল্পনার (Youth Action Plan) পরবর্তী পর্যায়টি বাস্তবায়িত করছে - একটি বার্ষিক বিনিয়োগ যা 2015–16 এ $14 মিলিয়ন থেকে শুরু হয় এবং বৃদ্ধি পেয়ে 2016–17 এ প্রায় $21 মিলিয়নে পরিণত হবে - যার লক্ষ্য হল ঝুঁকির সম্মুখীন যুবসমাজের জন্য পরিণামের উন্নতিসাধন করা।

- যৌন নির্যাতন ও হয়রানি বন্ধ করা, এবং রক্ষা পাওয়া মানুষদের জন্য *এটা কখনই ঠিক নয়: যৌন* নির্যাতন *ও হয়রানি বন্ধ করার জন্য একটি কর্ম পরিকল্পনার (It's Never Okay: An Action Plan to Stop Sexual Violence and Harassment)* মাধ্যমে সহায়তাকে উন্নত করছে।

- বিনিয়োগকে প্রতি বছর গড়ে পাঁচ শতাংশ, বা পরবর্তী তিন বছর ধরে $750 মিলিয়নের বেশি বৃদ্ধি করার মাধ্যমে গৃহ ও সম্প্রদায়ের তত্বাবধান সেবাগুলির উন্নতিসাধন করছে।

- কর্মস্থলের পেনশন পরিকল্পনাগুলিকে শক্তিশালী করার মাধ্যমে সামনে এগিয়ে চলেছে এবং কর্মরত অন্টারিওবাসীরা যাতে অবসরকালীন ভবিষ্যতকে আরো সুরক্ষিত করতে পারেন তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য 2017 এ অন্টারিও অবসরকালীন পেনশন পরিকল্পনার (Ontario Retirement Pension Plan) সূচনা করছে।

দায়িত্বশীলভাবে পরিচালনা করা

অন্টারিও খরচ হওয়া প্রতিটি ডলারের জন্য সেরা সম্ভাব্য মূল্য প্রদানের প্রতি অঙ্গীকারবদ্ধ আছে, একই সাথে এমন বিনিয়োগ করা অব্যাহত রেখেছে যা কর্মসংস্থান সৃষ্টি করে, সুযোগের প্রসারণ করে, এবং সমস্ত অন্টারিওবাসীর জন্য সমৃদ্ধি নিশ্চিত করে। সরকার নিম্নলিখিত উপায়ে এটা করছে:

- সরকারের প্রতিটি ডলার কীভাবে খরচ করা হচ্ছে তা পরীক্ষা করা।
- উন্নততর বিকল্প বেছে নেওয়া এবং ফলাফলের উন্নতি করার জন্য প্রমাণ ব্যবহার করা।
- সেবাগুলি প্রদানের সেরা উপায় সন্ধান করার জন্য সরকারের দিকে তাকিয়ে থাকা।
- কার্যক্রমে সঞ্চয়ের সুযোগগুলি সন্ধান করার জন্য একটি বহুবার্ষিকী পন্থা গ্রহণ করা।
- সমবেত দরাদরি প্রক্রিয়ার মাধ্যমে স্থির হওয়া বেতনের যে কোনো পরিমিত বৃদ্ধিকে যাতে সঞ্চয়ের দ্বারা পুষিয়ে নেওয়া যায় তা সুনিশ্চিত করা।

2015 অন্টারিও বাজেট

আরো জানুন
Ontario.ca/budget এ
নিঃশুল্ক: 1-800-337-7222
TTY নিঃশুল্ক: 1-800-263-7776

© Queen's Printer for Ontario, 2015